গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ শাখা-৫
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৬৯.১৫.০৬৭.১৭-১০২৩

তারিখ : ১১ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: বরগুনা জেলার 'বেতাগী সরকারি কলেজ'-এ ৩০টি শিক্ষক পদ ও ১২টি অশিক্ষক পদ অস্থায়ীভাবে সৃজন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে সরকারিকৃত বরগুনা জেলার বেতাগী সরকারি কলেজ-এর সাংগঠনিক কাঠামোতে নিম্নবর্ণিত ৩০ (ত্রিশ) টি শিক্ষক ও ১২ (বার) টি অ-শিক্ষকসহ মোট ৪২ টি পদ জাতীয়করণের তারিখ (০৮-১০-২০১৫) হতে অস্থায়ীভাবে সৃজনে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হলো :

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১. | প্রভাষক:<br>বাংলা -০১টি,<br>রাষ্ট্রবিজ্ঞান-০৩ টি<br>অর্থনীতি -০২ টি,<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-০১টি,<br>সমাজবিজ্ঞান -০২টি,<br>সংস্কৃত -০২টি<br>দর্শন-০২টি<br>ভূগোল-০২টি<br>ইতিহাস-০২টি<br>ব্যবস্থাপনা-০১টি<br>হিসাববিজ্ঞান-০৩টি<br>কৃষি শিক্ষা-০১টি<br>গণিত-০২টি<br>পদার্থবিজ্ঞান-০১টি<br>রসায়ন-০২টি<br>প্রাণিবিজ্ঞান-০২টি<br>মার্কেটিং-০১টি | ৩০ (ত্রিশ) টি | জা:বে:স্কেল: ২০১৫ অনুযায়ী<br><br>টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড ৯) | পদটি বাংলাদেশ সিভিল সার্ভিস রিক্রুটমেন্ট রুলস্ ১৯৮১ (সাধারণ শিক্ষা) ক্যাডার দ্বারা পূরণযোগ্য। |
| ২. | হিসাব সহকারী | ০১ (এক)টি | জা:বে:স্কেল: ২০১৫ অনুযায়ী<br><br>টা: ৯৩০০-২২৪৯০ (গ্রেড ১৬) | কর্মকর্তা ও কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) নিয়োগ) বিধিমালা ১৯৯১ এর তফসিলের ক্র: নং ৯ এর শর্ত অনুযায়ী পূরণযোগ্য |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২(দুই) টি | জা:বে:স্কেল: ২০১৫ অনুযায়ী<br><br>টা: ৯৩০০-২২৪৯০ (গ্রেড ১৬) | কর্মকর্তা ও কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) নিয়োগ) বিধিমালা ১৯৯১ এর তফসিলের ক্র: নং ১০ এর শর্ত অনুযায়ী পূরণযোগ্য |
| ৪. | অফিস সহায়ক | ০৯(নয়)টি | জা:বে:স্কেল: ২০১৫ অনুযায়ী<br><br>টা: ৮২৫০-২০০১০ (গ্রেড ২০) | কর্মকর্তা ও কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) নিয়োগ) বিধিমালা ১৯৯১ এর তফসিলের ক্র: নং ১০ এর শর্ত অনুযায়ী পূরণযোগ্য |

২। উপর্যুক্ত পদগুলোর ব্যয়ভার শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের কোড নং-৩-২৫৩৭-০০০০-৪৫০১/৪৬০১/৪৭০০ খাত হতে বহন করা হবে।

৩। পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৫/২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে।

৪। সরকারি চাকরির বেলায় প্রযোজ্য শিক্ষক পদের জন্য পদধারীদের কর্মকমিশন কর্তৃক নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

৫। বিসিএস ক্যাডারভুক্ত পদ ক্যাডারভুক্তকরণে প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৬। প্রাপ্যতার অধিক পদে কর্মরত শিক্ষকের ক্ষেত্রে পদত্যাগ/মৃত্যু/অবসর/বরখাস্তজনিত কারণে পদ শূণ্য হলে শূণ্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। প্রশাসনিক মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৭। প্রয়োজনীয় যোগ্যতার অধিকারী নহেন এমন অ-শিক্ষক কর্মচারীদের আত্মীকরণ এর ক্ষেত্রে "জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী বিধিমালা-২০০০" এর অনুচ্ছেদ ৪(২) প্রযোজ্য হবে।

৮। ৩য় ও ৪র্থ শ্রেণির পদের পদধারীদের স্বেচ্ছায় অবসর গ্রহণ, মৃত্যুবরণ, চাকরিচ্যুতি বা অন্য যে কোন কারণে পদ শূন্য হলে শূণ্য পদ পূরণের ক্ষেত্রে আউট সোর্সিং এর নীতিমালা অনুসরণ করতে হবে।

৯। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬/০৪/২০১৭ তারিখের নং-০৫.০০.০০০০.১৫৫.১৫.০০৮.১৭-৪৮ স্মারক, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ১১/০৬/২০১৭ তারিখের নং-০৭.১৫৩.০১৫.০২.০০.০২৫.১৩-২৯৫ স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১১/০৭/২০১৭ তারিখের নং-০৭.০০.০০০০.১৬২.৩৭.০০৫.১৭-১০০ স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা) ০৫/০৯/২০১৭ তারিখের নং:০৪.০০.০০০০.৭১১.০৬.০১২.১৭-৪৭৭স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

(ফাতেমা তুল জান্নাত)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭০৬৬৩

অতিরিক্ত সচিব (ব্যঃ নিঃ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর নিকট ০৩(তিন) কপি প্রেরণ করা হলো। ০১(এক) কপি পৃষ্ঠাংকন করে শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫, পুরানা পল্টন, ঢাকা এবং ০১(এক) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(ফাতেমা তুল জান্নাত)
সিনিয়র সহকারী সচিব

নং- ৩৭.০০.০০০০.০৬৯.১৫.০৬৭.১৭-১০২৩

তারিখ : ১১ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ / ২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

<u>অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫,পুরানা পল্টন, ঢাকা।
২। সিনিয়র সহকারী সচিব (সরকারি কলেজ শাখা:০৫), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।

(ব্যঃ নিঃ-৩)
উপ- সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং- ৩৭.০০.০০০০.০৬৯.১৫.০৬৭.১৭-১০২৩

তারিখ : ১১ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো:

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, সওব্য, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫। সিনিয়র সহকারী সচিব (সরকারি কলেজ-০১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬। অধ্যক্ষ, বেতাগী সরকারি কলেজ, বরগুণা।
০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা(সরকারি কলেজ),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
০৯। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,......................

২৬.৯.১৭

(ফাতেমা তুল জান্নাত)
সিনিয়র সহকারী সচিব